ইত্তেফাক 040

21/8/80

# শিক্ষাবিদ জালালউদ্দীনের ইন্তেকাল

ঢাকা কলেজের সাবেক অধ্যক্ষ ও বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর জালালউদ্দীন আহমদ গতকাল (বুধবার) অপরাহ্নে পিজি হাসপাতালে ইন্তেকাল করিয়াছেন (ইন্নালিল্লাহে --- রাজেউন)। মৃত্যুকালে তাঁহার বয়স হইয়াছিল ৭০ বৎসর।

'বাসস' জানায়, তিনি গতকাল সকালে তাঁহার মধুবাজারস্থ (ধানমণ্ডী) বাসভবনে হৃদরোগে আক্রান্ত হইলে তাঁহাকে হাসপাতালে স্থানান্তর করা হয়। মরহুম বিভিন্ন কলেজে সুদীর্ঘকাল শিক্ষকতা করার পর অবসর জীবন যাপন করিতেছিলেন। তিনি পত্নী, তিন পুত্র ও সাত কন্যা রাখিয়া গিয়াছেন।

তাঁহার নামাজে জানাজা আজ (বৃহস্পতিবার) জোহর নামাজের পর বায়তুল মোকাররমে অনুষ্ঠিত হইবে। ইহার পর তাঁহার লাশ বনানী গোরস্তানে দাফন করা হইবে। শুভাকাংক্ষীদের শেষ দেখার জন্য আজ দুপুর পর্যন্ত তাঁহার লাশ মধুবাজারস্থ বাসভবনে রাখা হইবে।